মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন আসামি গ্রেফতার করা হয়েছে। এসব আসামিদের মধ্যে ৪জন নারী আসামি রয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মঙ্গলবার দিবাগত রাত ১১ টার দিকে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

আসামিদের মধ্যে এন আই এ্যাক্ট এর ১৩৮ ধারা, ৪২০ ধারাসহ বিভিন্ন মামলার আসামি রয়েছেন।

আজ বুধবার (১৯ অক্টোবর) সকালের দিকে আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এদিকে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ আসামিকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।

মুজিবনগরে উৎপাদন বৃদ্ধির লক্ষে বিনামূল্যে পেঁয়াজের বীজ ও সার বিতরণ

মুজিবনগরে পেঁয়াজের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা হিসেবে প্রান্তিক চাষীদের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ ও সার বিতরণ করেছে উপজেলা কৃষি অফিস।
মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গনে ২০২২/২০২৩ অর্থবছরে খরিফ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির অংশ হিসেবে এই বীজ ও সার বিতরণ করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন।এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মাহফুজুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন প্রমুখ।
পর্যায় ক্রমে মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নের মোট ২২০ জন পেয়াজ চাষীকে ১ কেজি পেয়াজ বীজ , ২০ কেজি ডিওপি সার , ২০ কেজি এম ও পি সার, ১৫০ বর্গমিটার পলিথিন, ৪ শত গ্রাম লাইলণ সুতা, ১শত এম এল কীটনাশক, ১০ এম এল ছত্রনাশক ও বিকাশের মাধ্যমে ২ হাজার ৭ শত টাকা দেয়া হবে।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমনের জন্মদিন পালন

আড়ম্বর পরিবেশে কেক কেটে ও সংক্ষিপ্ত আলোচনার মধ্য দিয়ে মেহেরপুর প্রতিদিনের প্রকাশক, রাজধানী টিভির চেয়ারম্যান ও সাপ্তাহিক ঢাকা থেকে পত্রিকার প্রকাশক ও সম্পাদক এমএএস ইমনের জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টার সময় মেহেরপুর প্রতিদিনের মেহেরপুর শহরের মল্লিকপুকুরস্থ কার্যালয়ে এ জন্মদিন পালন করা হয়।

প্রকাশকের জন্মদিন উপলক্ষে আনুষ্ঠানিকভাবে কেক কাটেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

এসময় সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু ও আগত অতিথিদের কেক খাইয়ে দেন।

বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় প্রকাশক এম এ এস ইমনের জীবনী তুলে ধরে আলোচনা করেন সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মিয়াভাই এগ্রো লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শরীফ রেজা পান্না, এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাশার তাপস, মেহেরপুর প্রতিদিনের গাংনী

উপজেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, মুজিবনগর উপজেলা প্রতিনিধি শের খান প্রমুখ।

জনমদিনের অনুষ্ঠানে বিভিন্ন শ্রেনী পেশার লোকজন ও তার শুভাকাঙ্খিরা উপস্থিত ছিলেন।

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে : হানিফ

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে বলে মন্তব্য করেছেন আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।

আওয়ামী লীগ কখনো অন্যের শক্তি সামর্থ্য দেখে বিচলিত হওয়ার দল নয় উল্লেখ করে তিনি বলেন, ‘আওয়ামী লীগ অনেক শক্তিশালী দল। আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে।’

মঙ্গলবার সকালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

‘আওয়ামী লীগ একটি বটগাছ’ এমন মন্তব্য করে তিনি বলেন, ‘বটগাছকে ছোটখাটো ধাক্কা দিয়ে কিছু করা যায় না। জনগণ যতদিন চাইবে আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

হানিফ আরো বলেন, ‘বহুবার বিএনপির তর্জনগর্জন শুনেছে দেশের জনগণ। কিন্তু সেই তর্জনগর্জন জনগণ আমলে নেয়নি। সুতরাং জনগণ যতদিন চাইবে, আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

ক্ষমতা হস্তান্তর প্রসঙ্গে আওয়ামী লীগের এই সিনিয়র নেতা বলেন, ‘ষড়যন্ত্রের কাছে পরাজিত হওয়ার পর শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের রেকর্ডও আওয়ামী লীগের আছে। শান্তিপূর্ণ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতায় এসেছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসবে।’

জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু হয়েছে দাবি করে আওয়ামী লীগের এই যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন, ‘সারা দেশে উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ইলেকশন কমিশনের কর্মকাণ্ডও গ্রহণযোগ্য ছিল।’

বঙ্গবন্ধুর ছোট ছেলে শহীদ শেখ রাসেলের কথা তুলে ধরে হানিফ বলেন, ‘শিশুরা হচ্ছে ফুলের বাগানের মতো। শিশুদের মন থাকে কোমল। সেই কোমলমতি হৃদয়ে তাকে ধারণ করে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম দেশের উন্নয়ন অগ্রযাত্রাকে এগিয়ে নিয়ে যাবে- এটিই আমাদের প্রত্যাশা।’

এ সময় কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাব জর্জ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক প্রকৌশলী ফারুকউজ্জামান, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন রাজু ও মাযহারুল আলম সুমন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আতাউর রহমান আতা প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নানা আয়োজনে শেখ রাসেল দিবস উদযাপিত

“শেখ রাসেল, নির্মলতার প্রতীক দুরন্ত প্রাণবন্ত নির্ভীক” ১৮ অক্টোবর মঙ্গলবার মুজিবনগর উপজেলা প্রশাসন কর্তৃক বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল সাড়ে ৯ টায় উপজেলা চত্বর স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগ সহ বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ শেষে,উপজেলা পরিষদ চত্তর থেকে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর নেতৃত্বে, একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি উপজেলার প্রধান প্রধান সড়ক পরিদর্শন শেষে পরিষদ চত্তরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেস বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা কৃষি অফিসার মাহফুজুর রহমান, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। এছাড়াও উপজেলার বিভিন্ন দপ্তরের অফিসার বৃন্দ, বিভিন্ন স্কুলের শিক্ষার্থী গন সহ বিভিন্ন পেশাজীবীরা উপস্থিত ছিলেন।

র্যালি শেষে উপজেলা পরিষদ হলরুমে শেখ রাসেল দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসে সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জীবনের উপরে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসটি পালন উপলক্ষে অনুষ্ঠান মালা ছিলো মুজিবনগর উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন,শোভাযাত্রা,শেখ রাসেলের জীবনের ওপরে আলোচনা,বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চিত্রাঙ্কন প্রতিযোগিতা,কেক কাটাসহ দিনভর নানা কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি পালন করা হচ্ছে।

মেহেরপুরে জেলা প্রশাসনের পক্ষে শেখ রাসেল দিবস পালিত

শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্যালি আলোচনা সভা ও দোওয়া মাহফিলের মধ্য দিয়ে শহীদ শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকালে ৯ টার সময় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শেষে একটি র্যালি বের হয়। মেহেরপুর জেলা প্রশাসন এসব কর্মসূচীর আয়োজন করে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মেহেরপুর পাবলিক লাইব্রেরি চত্বরে স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান জেলাবাসীর পক্ষে, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম জেলা পুলিশের পক্ষে, সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আলম সিদ্দিকী স্বাস্থ্য বিভাগের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন পৌরসভা ও জেলা যুবলীগের পক্ষে, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইয়ারুল ইসলাম সদর উপজেলা পরিষদের পক্ষে, সরকারি মহিলা কলেজের পক্ষে অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ এর পক্ষে সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর পক্ষে সাধারণ সম্পাদক সাইদুর রহমান পুস্পা অর্পণ করেন। এছাড়া সরকারি বেসরকারি বিভিন্ন দফতর পৃথক পৃথকভাবে পুষ্পা অর্পণ করেন।

গাংনীতে ফেনসিডিল মামলায় নারী মাদক কারবারীর ৬ বছর কারাদন্ড

ফেনসিডিল রাখার অভিযোগে দায়ের করা মামলায় আমাতুন নেছা (৪৫) নামের এক নারী মাদক কারবারীকে ৬ বছর সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছে আদালত।

মঙ্গলবার বেলা ১১ টার দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইবুনাল-২ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন। দন্ডপ্রাপ্ত আমাতুন নেছা গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আব্দুর রশিদ এর স্ত্রী।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৪ সালের ২৭ জুলাই র্যাপিড এ্যাকশন

ব্যাটালিয়ন র্যাব-৬ গাংনী ক্যাম্পের একটি টিম নায়েব সুবেদার শামসুল আলমের নেতৃত্বে খবর পেয়ে কাজীপুর কাছারিপাড়া এলাকায় আমাতুন নেছার বাড়িতে অভিযান চালান। এসময় র্যাবের উপস্থিতি টের পেয়ে আমাতুন নেছা পালানোর চেষ্টা করলে তাকে আটক করা হয়। পরে তার বাড়ি থেকে ৩৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ওই ঘটনায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের আইনের ২৫-বি(২) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। যার জি আর কেস নং ১৬৩/২০১৪। সেশন কেস নং ১৬/২০১৫। মামলার তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় মোট ৯ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। আসামী দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে ৬ বছর সশ্রম কারাদণ্ড। ২০ হাজার টাকা জরিমানা।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজি শহীদুল হক ও আসামি পক্ষে এ কে এম শফিকুল আলম কৌশলী ছিলেন।

গাংনীতে নানা আয়োজনে শেখ রাসেল দিবস পালিত

বর্ণাঢ্য র্র্যালি, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা পুরুস্কার বিতরণ ও দোয়ার মাহফিলের মধ্য দিয়ে গাংনীতে শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকাল ৯ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদেএসে শেষ হয়।

উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ

খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ প্রমুখ।

আলোচনা সভায় শেখ রাসেল এর জীবনী নিয়ে একটি ভিডিও চিত্র প্রদর্শিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কণ প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ করা হয়।

শিশু-কিশোর, তরুণের পরম আদরের নাম শেখ রাসেল

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মদিন আজ। ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন এই ক্ষণজন্মা শিশু শেখ রাসেল। ১৯৭৫ সালের ১৫ আগষ্ট মানবতার শত্রু ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেটের হাত থেকে রক্ষা পাননি বঙ্গবন্ধুর শিশুপুত্র শেখ রাসেল। সেদিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে নিস্পাপ শিশু ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেনির ছাত্র শেখ রাসেলকেও নিষ্ঠুরভাবে হত্যা করে নরপিশাচরা।
ওই খুনিরা তাকে হত্যা করে বঙ্গবন্ধুর রক্তের উত্তরাধিকার নিশ্চিহ্ন করতে চেয়েছিল। ইতিহাস সাক্ষ্য দেয় তাদের সেই অপচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে।
শহীদ শেখ রাসেল আজ বাংলাদেশের শিশু-কিশোর, তরুণ, শুভ বুদ্ধিবোধ

সম্পন্ন মানুষদের কাছে পরম আদরের নাম। অবহেলিত, পশ্চাৎপদ, অধিকার বঞ্চিত শিশুদের আলোকিত জীবন গড়ার প্রতীক হয়ে গ্রাম-গঞ্জ-শহর তথা বাংলাদেশের বিস্তীর্ণ জনপদ-লোকালয়ে শেখ রাসেল আজ এক মানবিক সত্তায় পরিণত হয়েছে। মানবিক চেতনা সম্পন্ন সব মানুষ শেখ রাসেলের মর্মান্তিক হত্যাকাণ্ডের শোককে হৃদয়ে ধারণ করে বাংলার প্রতিটি শিশু-কিশোর তরুণের মুখে হাসি ফোটাতে আজ প্রতিশ্রুতিবদ্ধ। বঙ্গবন্ধু ও তার শিশুপুত্র শেখ রাসেলের দণ্ডপ্রাপ্ত খুনিরা এখনও পৃথিবীর বিভিন্ন দেশে পালিয়ে আছে। সেসব দণ্ডপ্রাপ্ত পলাতক খুনিদের দেশে ফিরিয়ে এনে ফাঁসির রায় কার্যকর করা আজ সময়ের দাবি। মঙ্গলবার (১৮ অক্টোবর) সকাল ৯টায় শহীদ ‘শেখ রাসেল দিবস’ উপলক্ষে মেহেরপুর জেলা ও গাংনী উপজেলা প্রশাসন, বাংলাদেশ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনসমূহের সব স্তরের নেতাকর্মী, বিভিন্ন স্কুল কলেজ, সামাজিক সাংস্কৃতিক সংগঠন নানা আয়োজনে দিবসটি পালন করছেন। জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ, বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এছাড়া বিভিন্ন স্কুল কলেজে কেক কেটে জন্মদিন পালন ও দোওয়ার আয়োজন করেছে।

দামুড়হুদায় ভাত রান্না করতে দেরি হওয়ায় ভাবিকে কোপালো দুই দেবর

দামুড়হুদায় ভাত রান্না করতে দেরি হওয়ায় সোনিয়া খাতুন (৩৫) নামে এক গৃহবধুকে এলোপাতাড়ি কুপিয়ে জখমের অভিযোগ উঠেছে তারই দুই দেবরের বিরুদ্ধে। আহত সোনিয়াকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশংকাজনক হওয়ায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্বত্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন।

তকাল সোমবার সকাল ১০ টার দিকে মাধবপাড়ার শ্বশুর বাড়িতে এঘটনা

ঘটে। আহত সোনিয়া খাতুন দামুড়হুদা উপজেলার হাউলী গ্রামের মাধবপাড়ার মামুন হোসেনের স্ত্রী। অভিযুক্ত দুই দেবরকে ধরতে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।

আহত সোনিয়া অভিযোগ করে বলেন, সকালে ভাত রান্না করতে দেরি হওয়ায় দুই দেবর তারেক (২২) ও জিয়া (২৫) দুইজনের সঙ্গে কথা কাটাকাটি হয় আমার, কথা কাটাকাটির এক পর্যায়ে কিল ঘুষি মারতে থাকে আমার, এবং একপর্যায়ে হাসুয়া দিয়ে এলো পাতারি কুপিয়ে পালিয়ে যায়।

পরে পরিবারের অন্যান্য সদস্যরা এসে আমাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। এ বিষয়ে ইউপি সদস্য আব্দুল্লাহ সেলিম বলেন সোনিয়ার দুই দেবরের সাথে কথা কাটাকাটি হাওয়াই দুই দেবর মিলে এলোপাতাড়ি কুপিয়েছে শুনেছি, সোনিয়া এখন বর্তমানে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি আছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের চিকিৎসক সাদিয়া আরিজ বলেন, ধারালো অস্ত্রের আঘাতে সাদিয়ার পিঠে যখম ও ডান হাতে রোগ কেটে গেছে। এখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে, উন্নতি চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, প্রাথমিকভাবে জানতে পেরেছি ভাত রান্না করতে দেরি হওয়ায় ভাবিকে কুপিয়ে জখম করেছে দুই দেবর। ভুক্তভোগীদের পক্ষ থেকে এখনো পর্যন্ত অভিযোগ না পেলেও অভিযুক্তদের ধরতে অভিযান চালাচ্ছে পুলিশ।